

## গাজীপুরের ডুয়েটে আন্তর্জাতিক সম্মেলন শুরু

■ গাজীপুর প্রতিনিধি  
গাজীপুর ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) এ পুরকৌশল বিভাগের আয়োজনে টেকসই উন্নয়নে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের সাম্প্রতিক উদ্ভাবন শীর্ষক তিনদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয়ের শহীদ আহসান উল্লাহ মাস্টার অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলনের উদ্বোধন করেন পরিকল্পনা মন্ত্রী আহমদ মুক্তফা কামাল এফসিএ।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলজব্বিন বিশেষ অতিথি ছিলেন পুরকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম ও পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. এসএম আতিকুল ইসলাম। এসময় বক্তব্য রাখেন আয়োজক কমিটির সম্পাদক ড. মোঃ রেজাউল করিম, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র (ভারপ্রাপ্ত) মোঃ আসাদুর রহমান কিরণ। অনুষ্ঠানের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ন্যাশনাল ইউনিভার্সিটি অব মালয়েশিয়ার অধ্যাপক ড. মোহাম্মদ ফৌজি মোহাম্মদ জেয়িন এবং আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এম এম সফিউল্লাহ।